

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরুড়া, কুমিল্লা
www.dgfood.gov.bd
food.barura.comilla.gov.bd

তারিখ ২৩ /০২/২০২৫

স্মারক নং-১৩.০১.১৯০৯.০০১.১৯.০১৩.২৫.৭৬

বিষয় : খাদ্য বাস্তু কর্মসূচীতে উপকারভোগীদের তালিকা হালনাগাদকরণ এবং নতুন ভোক্তা অন্তর্ভুক্তকরণ।

সূত্র : (১) খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা স্মারক নং-১৩.০০.০০০.০৪৬.৫১.০০১.১৭.৪৯; তারিখ ০৬/০২/২০২৪

(২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া কার্যালয়ের স্মারক নং- ১৩.০১.১৯০৯.০০১.১৯.০১৩.২৫.৬২; তারিখ ১২ /০২/২০২৫

উপর্যুক্ত বিষয়ে জানান যাচ্ছে যে, সরকার ইতোমধ্যে পুরাতন খাদ্য বাস্তু নীতিমালা বাতিল করে নতুন করে খাদ্য বাস্তু নীতিমালা-২০২৪ জারী করেছে। এ নীতিমালার আলোকে বরুড়া উপজেলা খাদ্য বাস্তু কর্মসূচী বাস্তবায়নের জন্য নতুন ডিলার নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী মার্চ-এপ্রিল প্রান্তিকে খাদ্য বাস্তু কর্মসূচীতে বিতরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য উপকারভোগীদের তালিকা হালনাগাদ করার জন্য ইতোপূর্বে সূত্রস্থ ২নং স্মারকে পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে সূত্রস্থ ১ নং স্মারকে বরুড়া উপজেলার জন্য অতিরিক্ত ১০০০ জন নতুন ভোক্তার অনুমোদন পাওয়া যায়, যা ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যার ভিত্তিতে বিভাজন করা হয়।

এমতাবস্থায়, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বরুড়া উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের নামের পাশে বর্ণিত উপকারভোগী পরিবারের তালিকা ছক অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক হালনাগাদ করে উপজেলা কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া কার্যালয়ে জমা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টারে (ইউডিসি) প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।


নং	ইউনিয়নের নাম	জনসংখ্যা	বিদ্যমান ভোক্তার সংখ্যা	নতুন ভোক্তার সংখ্যা	সর্বমোট ভোক্তার সংখ্যা
১	আগানগর	২৫৫৬৬	৫৫৯	৬৪	৬২৩
২	ভবানীপুর	২৬১০৩	৫৬১	৬৫	৬২৬
৩	খোশবাস উত্তর	৩৬০৫৫	৬০৫	৯০	৬৯৫
৪	খোশবাস দক্ষিণ	২৪০৫৬	৫২৯	৬০	৫৮৯
৫	বালম	৩১০০০	৬০৬	৭৮	৬৮৪
৬	আজ্জা	২৯১১৮	৬০১	৭৩	৬৭৪
৭	চিত্তা	২০৮৭৪	৪৩৭	৫২	৪৮৯
৮	শিলমুড়ী দক্ষিণ	৩০৬৬২	৬৩৮	৭৭	৭১৫
৯	শিলমুড়ী উত্তর	২২২৯২	৪৫৪	৫৬	৫১০
১০	আদ্রা	২৯৯৫০	৫৭৩	৭৭	৬৫০
১১	গালিমপুর	২৩৭২২	৪৫২	৬০	৫১২
১২	ভাউকসার	২০৪২৫	৩৯২	৫১	৪৪৩
১৩	লক্ষীপুর	২৫৭৯৬	৫১০	৬৫	৫৭৫
১৪	শাকপুর	২৪৯০৮	৫২৪	৬২	৫৮৬
১৫	পয়ালগাছা	২৭৮৭৩	৫৬৩	৭০	৬৩৩
মোট =		৩৯৮৪০০	৮০০৪	১০০০	৯০০৪

তালিকা হালনাগাদের ছক

কার্ড নং	উপকারভোগীর নাম	পিতার নাম	জন্ম তারিখ	পেশা	গ্রামের নাম	ওয়ার্ড নং	ইউনিয়নের নাম	জাতীয় পরিচয়পত্র নম্বর	মোবাইল নম্বর	স্বামী/স্ত্রীর নাম	স্বামী/স্ত্রীর জাতীয়পরিচয় নম্বর	স্বামী/স্ত্রীর জন্ম তারিখ	মন্তব্য

উল্লেখ্য কোন উপকারভোগীর মৃত্যু হলে, স্থানান্তরিত হলে, দারিদ্র থেকে উত্তোরণ ঘটলে, এবং মিহলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিজিডি কর্মসূচীতে তালিকাভুক্ত হলে তদস্থলে নতুন একজনকে তালিকাভুক্ত করতে হবে এরূপ ক্ষেত্রে মন্তব্য কলামে উল্লেখ করতে হবে। নতুন তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্য হতে নির্বাচন করতে হবে। নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর থাকতে হবে। নিম্ন আয়ের মানুষ, ভূমি হীন, কৃষি শ্রমিক, দিনমজুর, রাজমিস্ত্রির যোগালা, রিক্সা ও অটো চালক ইত্যাদি তালিকাভুক্ত করা যাবে, তবে বিধবা/তালকপ্রাপ্ত/স্বামী পরিত্যক্তা/বয়স্ক নারী প্রধান পরিবার/ দুস্থ পরিবারের শিশু ও প্রতিবন্ধি পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

প্রাপক : চেয়ারম্যান/প্রশাসক, -----
ইউনিয়ন, বরুড়া, কুমিল্লা ও সভাপতি
ইউনিয়ন খাদ্য বাস্তু কমিটি।



(নু-এমং মারমা মং)
উপজেলা নির্বাহী অফিসার
বরুড়া, কুমিল্লা
ফোন: ০৮০২৭৫২০০৩
unobarura@gmail.com

স্মারক নং-১৩.০১.১৯০৯.০০১.১৯.০১৩.২৫. ৭৬

অনুলিপি : সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল।

- ১) জেলা প্রশাসক, কুমিল্লা;
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা;
- ৩) প্রশাসনিক কর্মকর্তা -----

ইউনিয়ন পরিষদ, বরুড়া উপজেলা, ও সদস্য সচিব তালিকা প্রণয়ন কমিটি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (৪ঃ দাঃ)
বরুড়া, কুমিল্লা
+৮৮০১৭১২-৪০৮০৬৭

mobarakhossein1981@gmail.com

তারিখ ২৩ /০২/২০২৫